

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
মন্ত্রীর দফতর, ঢাকা

**প্রাণিসম্পদ অধিদফতরের ইউনিয়নপর্যায় ডিপ্লোমাধারী কর্মীদের নিয়োগের চিন্তা চলছে**

-মৎস্য প্রতিমন্ত্রী আশরাফ আলী খান খসরু

তথ্যবিবরণী, ঢাকা, ২৮ জানুয়ারি, ২০১৯:

প্রাণিসম্পদ অধিদফতরের কর্মযজ্ঞ তৃণমূলে ছড়িয়ে দিতে ইউনিয়নপর্যায় ডিপ্লোমাধারী কর্মীদের নিয়োগের চিন্তাভাবনা চলছে বলে মৎস্য প্রতিমন্ত্রী আশরাফ আলী খান খসরু জানিয়েছেন। কৃষিক্ষেত্রে উন্নত প্রযুক্তির আগমনে ব্যাপক কৃষি-উন্নয়ন ঘটলেও গ্রামের বাড়িতে-বাড়িতে আগত মেহমানদের মাঝে নিজেদের পালনকৃত পশুপাখির দুধ, ডিমসহ মোরগ-মুরগির গোস্তু পরিবেশনের ঐতিহ্য আজ হারিয়ে গেছে, যা আবার ফিরিয়ে আনা দরকার।

তিনি আজ শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের Faculty of Animal Science and Veterinary অনুষদের “ওরিয়েন্টেশন এবং ডিন’স অ্যাওয়ার্ড” প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতাকালে একথা বলেন।

Faculty of Animal Science and Veterinary অনুষদের স্নাতক লেভেলে পরপর ২টি সেমিস্টারে জিপিএ ৪ প্রাপ্ত ছাত্রছাত্রীদের এই ‘ডিন’স অ্যাওয়ার্ড’ প্রদান করা হয়ে থাকে। এ পর্যন্ত ১৮জন ডিন’স অ্যাওয়ার্ডপ্রাপ্ত শিক্ষার্থীর হাতে প্রতিমন্ত্রী আনুষ্ঠানিকভাবে এই অ্যাওয়ার্ড ও সনদপত্র তুলে দেন।

চিকিৎসাক্ষেত্রে মানুষের অনেক অগ্রগতি হলেও এদেশে পশুপাখিদের চিকিৎসার অপ্রতুলতা রয়েছে-উল্লেখ করে প্রতিমন্ত্রী বলেন, ভেটেরিনারি ডাক্তারের অভাবই এজন্য দায়ী। তাই কৃষি বিশ্ববিদ্যালয়ের এই অনুষদের ছাত্রছাত্রীদেরই এই অভাবপূরণে এগিয়ে আসতে হবে। তিনি বলেন, আমরা বিত্তশালীরা পর্যাপ্ত দুধ, ডিম ও মাংস খেতে সক্ষম হলেও এখনো গ্রামীণ জনগোষ্ঠিসহ সাধারণ কৃষক এসব খেতে সক্ষম হয় না। এ অবস্থার পরিবর্তন ঘটাতে আমাদের সম্মিলিত প্রচেষ্টা চালাতে হবে বলেও তিনি উল্লেখ করেন।

অনুষ্ঠানে তাকে জানানো হয় যে, ২০০৭ সালে এদেশে একলাখ ৪০ হাজার ক্ষুদ্র-খামার থাকলেও আজ তা ৭০ হাজারে নেমে এসেছে। ক্ষুদ্র-খামারীরা ঝড়ে পড়ছে, যা রোধ করা জরুরি।

বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড কামাল উদ্দিন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে প্রতিভিসি অধ্যাপক সেকেন্দার আলী, কোষাধ্যক্ষ অধ্যাপক আনোয়ারুল হক বেগ, Faculty of Animal Science and Veterinary অনুষদের ডিন অধ্যাপক ড জাহাঙ্গীর আলম, প্রাণিসম্পদ অধিদফতরের ডিজি হীরেশ রঞ্জন ভৌমিক ও প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের ডিজি নাথুরাম সরকার বক্তৃতা করেন।

মোঃ শাহ আলম  
সিনিয়র ইনফরমেশন অফিসার  
০১৫১১৬৭৭৬৭৮, ০১৮৪২৬৭৭৬৭৮